

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ জানুয়ারি ২০২২ খ্রি.

ঐতিহাসিক পাহাড়তলী ইউরোপিয়ান ক্লাব
অতিশীঘ্রই যাদুঘরে রূপান্তর হচ্ছে : মেয়র

বৃটিশ বিরোধী সশস্ত্র সংগ্রামের ঐতিহাসিক স্থান পাহাড়তলী ইউরোপিয়ান ক্লাবকে যাদুঘরে রূপান্তর করতে যাচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। আজ শুক্রবার বিকেলে তথ্য ও সম্প্রচারমন্ত্রী হাছান মাহমুদ চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরীকে নিয়ে পাহাড়তলী ইউরোপিয়ান ক্লাব পরিদর্শনে যান। পরিদর্শনকালে তথ্য ও সম্প্রচার মন্ত্রী হাছান মাহমুদ বলেন, চট্টগ্রামের পাহাড়তলী ইউরোপিয়ান ক্লাব একটি ঐতিহাসিক স্মৃতিবিজোড়িত স্থান। ১৯৩২সালে বৃটিশ বিরোধী সশস্ত্র আন্দোলনে ১৫সদস্যের একটি বিপ্লবী দল নিয়ে প্রতিলতা ওয়াদেদার ক্লাবটি দখল করার প্রচেষ্টায় আক্রমণ করেন। সেই আক্রমণে প্রতিলতা ওয়াদেদার বৃটিশদের হাতে ধরা পড়েন। নিজের দলের গোপনীয়তা রক্ষার্থে সাইনাইড খেয়ে আত্মহত্যা করেন। এই বিপ্লবী তীর্থস্থানে যাদুঘর করার জন্য চসিক মেয়রের কাছে অনুরোধ জানান। চসিক মেয়র মন্ত্রী মহোদয়ের প্রস্তাবে সাড়া দিয়ে বলেন, স্থানটিতে যাদুঘর করা ইতিহাস ঐতিহ্যের অর্থের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ হিসেবে বিবেচনায় নেয়া যায়। তিনি অতিশীঘ্রই এই স্থানে যাদুঘর হিসেবে রূপান্তর করতে যা যা প্রয়োজন তা করবেন বলে মন্ত্রী মহোদয়কে আশ্বাস প্রদান করেন। মেয়র বিপ্লবতীর্থ চট্টগ্রামে শুধু ইউরোপিয়ান ক্লাব নয় যেসব স্থানগুলোতে ঐতিহাসিক ঘটনা ঘটেছে সেই সব স্থানগুলোকে চিহ্নিত করে ঘটনার ইতিহাস লিপিবদ্ধ করে চসিক সংরক্ষণের ব্যবস্থা করবেন বলে অভিমত ব্যক্ত করেন। এসময় চট্টগ্রাম প্রেসক্লাবের সাধারণ সম্পাদক চৌধুরী ফরিদসহ অন্যান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩